



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১

তারিখ: ১৬.১২.২০২৪

## প্রেস রিলিজ

### পাবিপ্রবিত্তে মহান বিজয় দিবস উদযাপন ও ক্রীড়া অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ সোমবার (১৬ ডিসেম্বর) উৎসবমুখর পরিবেশে মহান বিজয় দিবস উদযাপন করা হয়েছে। সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ে জাতীয় সঙ্গীতের মধ্য দিয়ে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এরপর উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলামের নেতৃত্বে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে এক বিজয় র্যালি বের করা হয়।

র্যালি শেষে স্বাধীনতা চত্বরে শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়। বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম, ডিনবন্দ এবং রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম।

শ্রদ্ধাঞ্জলি শেষে উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম সকলকে বিজয়ের শুভেচ্ছা প্রদান করেন। তিনি বলেন, “বিজয় শুধু আনন্দের বিষয় নয়, এটি শপথেরও ব্যাপার। আমাদের যার যার দায়িত্ব সঠিকভাবে পালনে শপথ গ্রহণ করতে হবে। সবাই মিলে বিশ্ববিদ্যালয়কে গড়ে তুলতে হবে। আগামী বছর বিজয়ের এই দিনে আমরা বিশ্ববিদ্যালয়ের আরও ইতিবাচক পরিবর্তন দেখব বলে প্রত্যাশা করেন।”

আরও শ্রদ্ধা জ্ঞাপন করে ডিনবন্দ, বিভিন্ন বিভাগ, দপ্তর, হলসমূহ এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রক্টর অধ্যাপক ড. কামরুজ্জামান খান এবং ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড. মো. রাশেদুল হক। আরও উপস্থিত ছিলেন শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবন্দ। অনুষ্ঠান সঞ্চালনা করেন ইইসিই বিভাগের সহকারী অধ্যাপক ফাতিন ইশরাক।

এদিকে অনুষ্ঠান শেষে কেন্দ্রীয় খেলার মাঠে খেলাধুলার আয়োজন করা হয়। শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য হাড়িভাঙ্গা, শিক্ষার্থীদের জন্য মোরগ লড়াই ও দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। পুরস্কার বিতরণ করেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম।

খেলায় সার্বিক তত্ত্বাবধানে ছিলেন শহীদ বুদ্ধিজীবী দিবস ও বিজয় দিবস উদযাপন কমিটির সদস্য সচিব অধ্যাপক ড. মো. কামরুজ্জামান। খেলায় সঞ্চালনা করেন হিসাবরক্ষণ কর্মকর্তা মো. আলমগীর হোসেন।

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।